

# গুচ্ছের বি ইউনিটের ভর্তি পরীক্ষায় ববি কেন্দ্রে উপস্থিত ৯৫ শতাংশ

ববি প্রতিনিধি

০২ মে, ২০২৫ ১৭:৩১

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে (ববি) অনুষ্ঠিত হয়েছে গুচ্ছভুক্ত ২০২৪-২৫ শিক্ষাবর্ষের মানবিক শাখার (বি ইউনিট) ভর্তি পরীক্ষা। শুক্রবার (২ মে) বিশ্ববিদ্যালয়টিতে মোট তিন হাজার ৫২৮ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। যা কেন্দ্রটিতে নিবন্ধনকারীদের মোট ৯৫.৮ শতাংশ।

দেশের ১৯টি সাধারণ ও বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমন্বয়ে আয়োজিত এই ভর্তি পরীক্ষায় সারাদেশ থেকে আবেদন করেন ৭২ হাজার ৪৫ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী।

তার মধ্যে ববি কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণের জন্য তিন হাজার ৬৮৩ জন শিক্ষার্থী নিবন্ধন করে উপস্থিত হয়েছেন তিন হাজার ৫২৮ জন।

বরিশাল বিশ্ববিদ্যালয় প্রশাসনের সার্বিক তত্ত্বাবধানে শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয় কেন্দ্রের সকল কার্যক্রম। কেন্দ্রটিতে সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের বিএনসিসি সেনা শাখা, নৌ শাখা ও রোভার স্কাউটের সদস্যরা দায়িত্ব পালন করেন।

### আরো পড়ুন



আওয়ামী লীগ নিষিদ্ধ অনুরোধ নয়, ছাত্র-জনতার সিদ্ধান্ত : হাসনাত আব্দুল্লাহ

পরীক্ষা কেন্দ্র পরিদর্শন শেষে উপ-উপাচার্য অধ্যাপক ড. গোলাম রাব্বানি বলেন, ‘বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে সার্বিক নিরাপত্তা এবং ব্যবস্থাপনায় সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করা হয়েছে।

পাশাপাশি ভর্তি পরীক্ষার্থীদের সহায়তায় বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক সংগঠনের অংশগ্রহণ ছিল প্রশংসনীয়।’

এসময় উপাচার্য অধ্যাপক ড. শুচিতা শরমিন বলেন, ‘গত বছরের তুলনায় এবারের গুচ্ছ পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা কিছুটা কম। তবে উপাচার্যদের কমিটি, বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা এবং কর্মচারীদের সম্মিলিত প্রচেষ্টায় ভর্তি পরীক্ষা অত্যন্ত সুষ্ঠু ও সফলভাবে সম্পন্ন হয়েছে।’